

ঢাকা, ০২ জানুয়ারি ২০২২

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে নতুন সচিবের যোগদান

আজ শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে সচিব হিসেবে যোগদান করেছেন মোঃ আবু বকর ছিদ্দীক। আজ সচিবালয়ে শিক্ষামন্ত্রী ডা.দীপু মনি তাকে ফুল দিয়ে বরণ করে নেন। এ সময় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মোঃ আমিনুল ইসলাম খান সহ শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর ও সংস্থার কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এ সময় সচিব মহোদয় কর্মকর্তাদের সাথে মত বিনিময় করেন। জনাব মোঃ আবু বকর ছিদ্দীক আজ বিকালে ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

উল্লেখ্য যে, মো.আবু বকর ছিদ্দীক বিসিএস নবম ব্যাচের দক্ষ কর্মকর্তা। তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের এপিডি উইং সেতু বিভাগ, সেতু মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়, স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন। এর আগে তিনি বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছিলেন।

তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ময়মনসিংহ থেকে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। এছাড়া তিনি গর্ভনেস স্টাডিজের স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। পাবলিক প্রকিউরমেন্ট বিষয়ে আন্তর্জাতিক ডিপ্লোমা অর্জন করে সিআইপিএস সদস্য লাভ করেন।

এম এ খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

০১৭১৬০৬৬৮৮৮